# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২১২) নিক্বাব ও হাত মোজা পরিধান করে কি নারীর নামায আদায় করা বৈধ?

নারী যদি নিজ গৃহে অথবা এমন স্থানে নামায আদায় করে, যেখানে পরপুরুষ আগমণ করবে না। তবে তার জন্য শরীয়ত সম্মত হচ্ছে, মুখমণ্ডল ও কব্জি পর্যন্ত হস্তদ্বয় খোলা রাখা। যাতে করে সিজদার সময় কপাল ও নাক এবং উভয় হাত মাটিতে রাখতে সক্ষম হয়।

কিন্তু সে যদি এমন স্থানে নামায পড়ে যেখানে বেগানা পরুষের আনাগোনা রয়েছে, তবে অবশ্যই মুখমণ্ডল ঢেকে রাখবে। কেননা গাইর মাহরাম (যার সাথে বিবাহ সিদ্ধ এমন পর পুরুষের) সামনে মুখমণ্ডল ঢেকে রাখা ওয়াজিব। তাদের সামনে মুখ খোলা জায়েয নয়। একথার দলীল হচ্ছে পবিত্র কুরআন ও সুন্নাহ্ এবং সুস্থ দৃষ্টিভঙ্গি। যা থেকে কোন মুমিন তো দূরে থাক সাধারণ বিবেকবানও ভিন্নমত পোষণ করতে পারে না।

হাত মোজা পরিধান করা শরীয়ত সম্মত। মহিলা ছাহাবীরা এরূপই করতেন। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নারীদের ইহরাম বাঁধার নিয়মের মধ্যে উল্লেখ করেছেনঃ

وَلَا تَنْتَقِبِ الْمَرْأَةُ الْمُحْرِمَةُ وَلَا تَلْبَسِ الْقُفَّازَيْنِ

“ইহরামকারী নারী নিক্বাব পরবে না হাত মোজাও পরিধান করবে না।” এ হাদীছ দ্বারা বুঝা যায়, তাদের সাধারণ অভ্যাস ছিল হাত মোজা পরিধান করা। অতএব পরপুরুষের উপস্থিতিতে হাত মোজা পরিধান করাতে কোন অসুবিধা নেই। কিন্তু মুখমণ্ডল ঢেকে রাখবে দাঁড়ানো, বসা- সর্বাবস্থায়। তবে সিজদার সময় মুখমণ্ডলের কাপড় সরিয়ে কপাল ও নাকের উপর সিজদা করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=742

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন